গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী

এবং

নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

## সূচিপত্র


আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: আঞ্চলিক / জোনাল অফিসের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৫

## আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Regional/Zonal Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) সরকার প্রতিশ্রুত রূপকল্প ২০৪১ বাস্তবায়নে সরকারের অন্যতম সহায়ক প্রতিষ্ঠান। আইসিটি খাতে দক্ষ মানবসম্পদ গড়ে তোলার কাজে বিসিসি আঞ্চলিক কার্যালয় রাজশাহী নিরলস ভাবে কাজ করে চলেছে। সাম্প্রতিক বছরগুলোতে অত্র কার্যালয় হতে ৩২০ জন প্রতিবন্ধীসহ মোট ৯৪৯ জন'কে বিভিন্ন কোর্সে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম আধুনিকায়নের লক্ষ্যে স্মার্টবোর্ডসহ নতুন প্রশিক্ষণ ল্যাব স্থাপন করা হয়েছে। ৩টি ল্যাবে একসাথে মোট ৬০জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ গ্রহণের সুযোগ সৃষ্টি হয়েছে। তন্মধ্যে বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের প্রশিক্ষণের জন্য আইসিটি রিসোর্স সেন্টারের আওতায় একটি ল্যাব স্থাপিত হয়েছে। জাতীয় ই-গভর্নমেন্ট নেটওয়ার্ক কার্যকর করা সহ বিসিসি প্রধান কার্যালয় কতৃক গৃহীত বিভিন্ন প্রকল্প মাঠপর্যায়ে ফলপ্রসূ করতে রাজশাহী আঞ্চলিক কার্যালয় সচেষ্ট রয়েছে। আইসিটি সক্ষমতা ও অবকাঠামো উন্নয়ন, প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন সহ তথ্যপ্রযুক্তি ভিত্তিক বিভিন্ন কাজে আঞ্চলিক পর্যায়ের সরকারি অফিস সমূহের চাহিদা অনুসারে পরামর্শ সেবাসহ নানাবিধ সহযোগিতা করা হচ্ছে। জাতীয় ই-গভর্নমেন্ট নেটওয়ার্কের আওতাভূক্ত রাজশাহী বিভাগে স্থাপিত ৭৪টি মিডিয়াম এক্সেস রাউটার এবং ৯১টি নোড-এ ভিডিও কনফারেন্সিং সিস্টেম সচল রাখতে কারিগরি সেবা প্রদানের লক্ষ্যে বিসিসি প্রধান কার্যালয়ে স্থাপিত Network Operation Centre (NOC) এর সাথে যৌথভাবে কাজ করা হচ্ছে। ইনফোসরকার-২ প্রকল্পের আওতায় রাজশাহী বিভাগের ২,৪৬৩টি সরকারি প্রতিষ্ঠানে ইন্টারনেট সেবা প্রদান করা হচ্ছে যার রক্ষণাবেক্ষণ কার্যক্রম অত্র কার্যালয় থেকে প্রদান করা হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

 অত্র কার্যালয়ের নিজস্ব স্থায়ী অবকাঠামো নেই বিধায় স্থায়ী নেটওয়ার্ক সিস্টেম ও ল্যাবের আধুনিকায়ন করা যাচ্ছে না;
 আঞ্চলিক কার্যালয়ের সাংগঠনিক কাঠামোতে পর্যাপ্ত জনবলের অভাব; এছাড়া কাঠামোর বিদ্যমান ৪টি কর্মকর্তার পদের মধ্যে ৩টি শূন্য থাকায় কার্যালয়টির কার্যক্রম পরিচালনায় বিঘ্ন ঘটছে;
 আঞ্চলিক কার্যালয়ের নিজস্ব কোন পরিবহণ ব্যবস্থা না থাকায় মাঠ পর্যায়ে বিসিসি কর্তৃক পরিচালিত প্রকল্প সমূহের কার্যক্রমের সাথে আঞ্চলিক কার্যালয়ের সমন্বয় সাধনপূর্বক সেবা গ্রহীতাকে সেবা প্রদান বিঘ্নিত হচ্ছে;
 বিদ্যমান কোভিড-১৯ পরিস্থিতিতে প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনে বিঘ্ন ঘটছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

 আঞ্চলিক পর্যায়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাত বিকাশের জন্য “প্রযুক্তি ল্যাব ও সফটওয়্যার ফিনিসিং স্কুল স্থাপনের মাধ্যমে বিসিসি আঞ্চলিক কার্যালয়সমূহ শক্তিশালীকরণ” শীর্ষক প্রকল্পের আওতায় স্থায়ী অবকাঠামো নির্মাণের মাধ্যমে রাজশাহীতে একটি তথ্যপ্রযুক্তি বলয় তৈরি করা;
 আধুনিক প্রযুক্তি নির্ভর পেশাজীবী তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ কারিকুলাম উন্নয়ন করা;
 জাতীয় ডাটাসেন্টার এর সেবা সম্প্রসারণের লক্ষ্যে আঞ্চলিক কার্যালয়ে Mini NOC স্থাপন করা;
 প্রশিক্ষণ কার্যক্রম জনবান্ধব করার জন্য ট্রেনিং ম্যানেজমেন্ট সিস্টেম ব্যবহারের মাধ্যমে আঞ্চলিক পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রমে গতিশীলতা আনয়ন।

**২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- রাজশাহী বিভাগের ২,৪৬৩টি সরকারি দপ্তরে স্থাপিত নেটওয়ার্ক সংযোগে কেন্দ্রীয় NOC এর সাথে যৌথভাবে মনিটরিং, মোরামত ও রক্ষণাবেক্ষণ সেবা প্রদান;
- ১১০ জন প্রশিক্ষণার্থীকে আইসিটি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ মানবসম্পদ তৈরি করা;
- রাজশাহী বিভাগের ত্রুটিপূর্ণ ভিডিও কনফারেন্সিং সিস্টেম সচল করা;
- নিজস্ব স্থাপনা তৈরি কার্যক্রমের অংশ হিসাবে ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া এগিয়ে নেয়া।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী

এবং

নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর মধ্যে ২০২১ সালের জুন মাসের ৩০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বহুমূখী ব্যবহার নিশ্চিত করার মাধ্যমে জ্ঞানভিত্তিক সমাজ প্রতিষ্ঠায় সহায়তা প্রদান।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

স্বচ্ছতা ও নিরাপত্তার সাথে নাগরিকদের উন্নত সেবা প্রদান। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির গবেষণা ও উন্নয়নের মাধ্যমে জাতীয় লক্ষ্য অর্জনে সরকারকে সহায়তা করা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. তথ্য প্রযুক্তি ভিত্তিক শিল্পের প্রসারে দক্ষ মানব সম্পদ উন্নয়ন
২. ই-গভর্নমেন্ট বাস্তবায়ন
৩. নারী ও প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষমতায়নে প্রশিক্ষণ প্রদান
৪. সরকার কর্তৃক গৃহীত আইসিটি কার্যক্রম অবহিতকরণ

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে যুগোপযোগী ও মান সম্মত প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানব সম্পদ উন্নয়ন;
২. ই-গভঃ বাস্তবায়নে প্রয়োজনীয় পরামর্শ সেবা প্রদান এবং সেমিনার ও কর্মশালার আয়োজন;
৩. ন্যাশনাল ই-গভঃ নেটওয়ার্ক সম্প্রসারণে সরকারি দপ্তরসমূহে কারিগরি সেবা প্রদান;
৪. জেলা ও বিভাগীয় পর্যায়ে তথ্য প্রযুক্তি বিষয়ক অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ;
৫. আইসিটি রিসোর্স সেন্টার ব্যবহার করে তথ্যপ্রযুক্তি সেক্টরে প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষমতায়ন;
৬. আইসিটির নিরাপদ ব্যবহার বিষয়ক কার্যক্রম অবহিতকরণ;
৭. বিসিসি কর্তৃক দেশব্যাপী স্থাপিত নেটওয়ার্ক ও ভিডিও কনফারেন্সিং সিস্টেম সচল রাখতে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান;
৮. সরকারি/বেসরকারি দপ্তরসমূহের চাহিদা অনুযায়ী বিসিসি আঞ্চলিক কার্যালয়ের ল্যাব সুবিধা প্রদান;
৯. সরকারি দপ্তরের চাহিদা অনুযায়ী আইসিটি বিষয়ক প্রশিক্ষণে দক্ষ রিসোর্স পারসন প্রেরণ;
১০. ITEE পরীক্ষা আয়োজনের মাধ্যমে তথ্যপ্রযুক্তি খাতে বৈদেশিক চাকরি প্রার্থীদের যোগ্যতা যাচাইকরণ;
১১. উপর্যুক্ত কার্যাবলী সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোন পদক্ষেপ গ্রহণ;
১২. প্রধান কার্যালয় নির্দেশিত যে কোন দায়িত্ব পালন।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা ২০২১-২২ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | | |
| তথ্য প্রযুক্তি ভিত্তিক শিল্পের প্রসারে দক্ষ মানব সম্পদ উন্নয়ন | প্রশিক্ষণার্থী | সংখ্যা | ২৫৫ | ০ | ৬০ | ৮০ | ১০০ | বিসিসি, প্রধান কার্যালয় ও বিসিসি, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী | প্রশিক্ষণ প্রতিবেদন |
| ই-গভার্ণমেন্ট বাস্তবায়ন | প্রদানকৃত সেবা | সংখ্যা | ১২০ | ৬১৪ | ৬৫৪ | ৭০০ | ৭৫০ | BCC(NOC), NTTN (BTCL, F@H, SCL) | অত্র কার্যালয়ে দায়িত্বপ্রাপ্ত নেটওয়ার্ক সাপোর্ট ইঞ্জি. এর প্রদানকৃত প্রতিবেদন |
| | প্রশিক্ষণার্থী | সংখ্যা | ০ | ২০ | ২০ | ৩০ | ৪০ | বিসিসি ও অন্যান্য সরকারি দপ্তর/সংস্থা | প্রশিক্ষণ প্রতিবেদন |
| নারী ও প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষমতায়নে প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণার্থী | সংখ্যা | ২৪০ | ০ | ৩০ | ৪০ | ৫০ | NDD প্রজেক্ট, Women চেম্বার, BWIT, BIID, BCC | প্রশিক্ষণ প্রতিবেদন |
| সরকার কর্তৃক গৃহীত আইসিটি কার্যক্রম অবহিতকরণ | আয়োজিত ইভেন্ট | সংখ্যা | ৫ | ১ | ১ | ২ | ৩ | বিসিসি ও স্থানীয় সরকারী দপ্তর/সংস্থা | সেমিনার/কর্মশালা/অবহিতকরণ ক্যাম্পেইন সংক্রান্ত প্রতিবেদন; ছবি |

*সাময়িক (provisional) তথ্য

**সেকশন ৩**

**কর্মসম্পাদন পরিকল্পনা**

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] তথ্য প্রযুক্তি ভিত্তিক শিল্পের প্রসারে দক্ষ মানব সম্পদ উন্নয়ন | ২৫ | [১.১] স্বল্প ও দীর্ঘ মেয়াদী নিয়মিত প্রশিক্ষণ | [১.১.১] প্রশিক্ষণার্থী | সমষ্টি | সংখ্যা | ২৫ | ২৫৫ | ০ | ৬০ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | ৮০ | ১০০ |
| [২] ই-গভর্নমেন্ট বাস্তবায়ন | ২০ | [২.১]জাতীয়নেটওয়ার্ক উন্নয়নে কারিগরি সেবা | [২.১.১] কারিগরি সেবা ই-গভর্নমেন্ট নেটওয়ার্ক | সমষ্টি | সংখ্যা | ৭ | ১১২ | ৫৭৮ | ৬৩০ | ৫৫০ | ৪৫০ | ৪০০ | ৩৫০ | ৭০০ | ৮০০ |
| | | [২.২] ভিডিও কনফারেন্স সিস্টেম নিরবিচ্ছিন্ন রাখার নিমিত্ত কারিগরি সেবা | [২.২.১] কারিগরি সেবা ভিডিও কনফারেন্স | সমষ্টি | সংখ্যা | ৭ | ৮ | ১৬ | ২০ | ১৫ | ১২ | ১০ | ৮ | ২৫ | ৩০ |
| | | [২.৩] ই-গভার্ণমেন্ট বাস্তবায়নে প্রশিক্ষণ | [২.৩.১] প্রশিক্ষণার্থী | সমষ্টি | সংখ্যা | ৪ | ০ | ২০ | ২০ | ১৫ | ১২ | ১০ | ৮ | ৩০ | ৪০ |
| | | [২.৪] সরকারি দপ্তরসমূহে তথ্য প্রযুক্তি বিষয়ক পরামর্শ সেবা | [২.৪.১] প্রদানকৃত পরামর্শ সেবা | সমষ্টি | সংখ্যা | ২ | ২ | ২ | ৪ | ৩ | ২ | ১ | | ৫ | ৬ |
| [৩] নারী ও প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষমতায়নে প্রশিক্ষণ প্রদান | ১৫ | [৩.১] নারীর উন্নয়ন/ক্ষমতায়নে প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] প্রশিক্ষণার্থী | সমষ্টি | সংখ্যা | ১০ | ৪০ | ০ | ১৫ | ১২ | ১০ | ৮ | ৫ | ৩০ | ৪৫ |
| | | [৩.২] প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়ন/ক্ষমতায়নে প্রশিক্ষণ আয়োজন | [৩.২.১] প্রশিক্ষণার্থী | সমষ্টি | সংখ্যা | ৫ | ২০০ | ০ | ১৫ | ১২ | ১০ | ৮ | ৫ | ৩০ | ৪৫ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৪] সরকার কর্তৃক গৃহীত আইসিটি কার্যক্রম অবহিতকরণ | ১০ | [৪.১] সেমিনার/কর্মশালার/ অবহিতকরণ ক্যাম্পেইন আয়োজন | [৪.১.১] আয়োজিত সেমিনার/ক্যাম্পেইন/কর্মশালা | সমষ্টি | সংখ্যা | ১০ | ৫ | ১ | ১ | ১ | ১ | | | ২ | ৩ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী, নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল হিসাবে আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

.................................................... ....................................................

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী

তারিখ

.................................................... ....................................................

নির্বাহী পরিচালক
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | BIID | Bangladesh Institute of ICT in Development |
| ২ | BWIT | Bangladesh Women In Technology |
| ৩ | EPWDICT | Empowerment of Persons with Disabilities including NDD through ICT |
| ৪ | F@H | Fiber@Home Limited |
| ৫ | NOC | Network Operation Center |
| ৬ | NTTN | National Telecommunication Transmission Networks |
| ৭ | SCL | Summit Communications Limited |
| ৮ | UN-APCICT | United Nations Asia Pacific Centre for ICT |
| ৯ | আইটিইই(ITEE) | ইনফরমেশন টেকনোলজি ইঞ্জিনিয়ারিং এক্সামিনেশন |
| ১০ | আইসিটিডি (ICTD) | ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি ডিভিশন |
| ১১ | বিকেআইআইসিটি (BKIICT) | বাংলাদেশ কোরিয়া ইন্সটিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি |
| ১২ | বিসিসি (BCC) | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (Bangladesh Computer Council) |
| ১৩ | সিএসআডি CSID | Centre for Services and Information on Disability |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] স্বল্প ও দীর্ঘ মেয়াদী নিয়মিত প্রশিক্ষণ | [১.১.১] প্রশিক্ষণার্থী | বিসিসি, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী | প্রশিক্ষণ প্রতিবেদন |
| [২.১] জাতীয় নেটওয়ার্ক উন্নয়নে কারিগরি সেবা | [২.১.১] কারিগরি সেবা ই- গভর্নমেন্ট নেটওয়ার্ক | বিসিসি, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী | আঞ্চলিক কার্যালয়ের প্রতিবেদন |
| [২.২] ভিডিও কনফারেন্স সিস্টেম নিরবিচ্ছিন্ন রাখার নিমিত্ত কারিগরি সেবা | [২.২.১] কারিগরি সেবা ভিডিও কনফারেন্স | বিসিসি, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী | আঞ্চলিক কার্যালয়ের প্রতিবেদন |
| [২.৩] ই-গভার্ণমেন্ট বাস্তবায়নে প্রশিক্ষণ | [২.৩.১] প্রশিক্ষণার্থী | বিসিসি, প্রধান কার্যালয় ও বিসিসি, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী | প্রশিক্ষণ প্রতিবেদন |
| [২.৪] সরকারি দপ্তরসমূহে তথ্য প্রযুক্তি বিষয়ক পরামর্শ সেবা | [২.৪.১] প্রদানকৃত পরামর্শ সেবা | বিসিসি, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী | আঞ্চলিক কার্যালয়ের প্রতিবেদন |
| [৩.১] নারীর উন্নয়ন/ক্ষমতায়নে প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] প্রশিক্ষণার্থী | বিসিসি, প্রধান কার্যালয় ও বিসিসি, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী | প্রশিক্ষণ প্রতিবেদন |
| [৩.২] প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়ন/ক্ষমতায়নে প্রশিক্ষণ আয়োজন | [৩.২.১] প্রশিক্ষণার্থী | প্রকল্প দপ্তর; বিসিসি, প্রধান কার্যালয় ও বিসিসি, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী | প্রশিক্ষণ প্রতিবেদন, প্রকল্প দপ্তরের প্রতিবেদন |
| [৪.১] সেমিনার/কর্মশালার/ অবহিতকরণ ক্যাম্পেইন আয়োজন | [৪.১.১] আয়োজিত সেমিনার/ক্যাম্পেইন/কর্মশালা | বিসিসি, প্রধান কার্যালয় ও বিসিসি, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী | আঞ্চলিক কার্যালয়ের প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| ভিডিও কনফারেন্স সিস্টেম নিরবিচ্ছিন্ন রাখার নিমিত্ত কারিগরি সেবা | কারিগরি সেবা ভিডিও কনফারেন্স | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | বিসিসি প্রধান কার্যালয় হতে নিয়োগকৃত জনবলের মাধ্যমে |
| জাতীয় নেটওয়ার্ক উন্নয়নে কারিগরি সেবা | কারিগরি সেবা ই-গভর্নমেন্ট নেটওয়ার্ক | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | বিসিসি প্রধান কার্যালয় হতে নিয়োগকৃত জনবলের মাধ্যমে |
| প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়ন/ক্ষমতায়নে প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণার্থীর সংখ্যা | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | EPWDICT প্রকল্প ও বিসিসি প্রধান কার্যালয়ের নির্দেশনা ও বাজেট প্রাপ্তির মাধ্যমে |
| নারীর উন্নয়ন/ক্ষমতায়নে প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণার্থীর সংখ্যা | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | বিসিসি প্রধান কার্যালয়ের নির্দেশনা ও বাজেট প্রাপ্তির মাধ্যমে |
| ই-গভার্ণমেন্ট বাস্তবায়নে প্রশিক্ষণ | অংশগ্রহনকারী প্রশিক্ষণার্থী | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | বিসিসি প্রধান কার্যালয়ের নির্দেশনা ও বাজেট প্রাপ্তির মাধ্যমে |
| সরকারি দপ্তরসমূহে তথ্য প্রযুক্তি বিষয়ক পরামর্শ সেবা | প্রদানকৃত পরামর্শ সেবা | স্থানীয় পর্যায়ের সরকারি দপ্তর/সংস্থা | স্থানীয় পর্যায়ের সরকারি দপ্তরসমূহের চাহিদা প্রাপ্তির মাধ্যমে |

**সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ**